গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা

২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প ও উন্নয়ন সহায়তার আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/স্কিমসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত অক্টোবর/২০২৩ মাসের মাসিক উন্নয়ন সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান, এনডিসি<br>সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | ২৩ নভেম্বর, ২০২৩ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | সভাকক্ষ, শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলী রোড, ঢাকা। |
| উপস্থিতি | কপি সংযুক্ত |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর মাননীয় মন্ত্রীর শুভেচ্ছা বক্তব্যের পর সভাপতি কার্যপত্র উপস্থাপনের জন্য উপসচিব (উন্নয়ন)-কে অনুরোধ জানান। সে প্রেক্ষিতে উপসচিব (উন্নয়ন) আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

**০২। আলোচ্যসূচি (ক)-গত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ:**

সভায় ২৫ অক্টোবর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সেপ্টেম্বর/২০২৩ মাসের মাসিক উন্নয়ন সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি (খ)- গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা**

| ক্রম | আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণ, ড্রাই ফুড ও সবজি প্রক্রিয়াকরণ | **<u>গত সভার সিদ্ধান্ত:</u>**<br>(ক)পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন পার্বত্য জেলায় ০৩টি কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(খ) পার্বত্য জেলা পরিষদ কর্তৃক "ড্রাই ফুড" এবং সবজি প্রক্রিয়াকরণের কার্যক্রম গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সংস্থার সাথে যোগাযোগ করে মন্ত্রণালয়কে অবহিত করবে।<br>**<u>বাস্তবায়ন অগ্রগতি:</u>**<br>এ মন্ত্রণালয়ের উপসচিব (উন্নয়ন) জানান যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন পার্বত্য জেলায় ০৩টি কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে গত ১৪/১১/২০২৩ তারিখ ডিএসপি অনুমোদন করা হয়েছে।<br>"ড্রাই ফুড" প্রক্রিয়ায় ফলমূল এবং সবজি প্রক্রিয়াকরণের কার্যক্রম বিষয়ে বান্দবান পার্বত্য জেলা পরিষদ হতে জানানো হয় যে, তারা স্থানীয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা পর্যায়ের সংশ্লিষ্টদের নিয়ে সভা করেছেন। খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে পত্র প্রেরণ করেছেন। রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ হতে কোন অগ্রগতির তথ্য মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। | (ক) কোল্ড স্টোরেজ নির্মাণের কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।<br><br>(খ) তিন পার্বত্য জেলা পরিষদ সংশ্লিষ্ট সংস্থার সাথে যোগাযোগ করে ড্রাই ফুড এবং সবজি প্রক্রিয়াকরণ কার্যক্রমের বিষয়ে প্রয়োজনীয় সমীক্ষা সম্পাদনপূর্বক স্কিমের পূর্ণাঙ্গ প্রস্তাব আগামী ১৫/১২/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | ক) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।<br>খ) তিন পার্বত্য জেলা পরিষদ |
| ২ | সমাপ্ত এডিপিভুক্ত প্রকল্প/স্কিমের পরিদর্শন/ সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন দাখিল | **<u>গত সভার সিদ্ধান্ত:</u>**<br>মন্ত্রণালয় হতে গঠিত টিমসমূহের প্রদত্ত সুপারিশসমূহ যথাযথভাবে বাস্তবায়নপূর্বক সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৫/১১/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>**<u>বাস্তবায়ন অগ্রগতি:</u>**<br>উপসচিব (উন্নয়ন) জানান যে, মন্ত্রণালয় হতে গঠিত ৫টি টিমের মধ্যে ৪টি টিমের সুপারিশ পাওয়া গেছে। প্রাপ্ত সুপারিশসমূহের মধ্যে ২টি টিমের (রাঙ্গামাটি ও বান্দরবান পার্বত্য জেলা পরিষদ পরিদর্শন টিম) সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পাওয়া গেছে। | যে সকল টিমের পরিদর্শন/ সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অদ্যাবধি পাওয়া যায়নি সেসকল টিমের পরিদর্শন/ সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০/১২/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | পরিকল্পনা-১ শাখা/প্রশাসন-২/বাজেট/ তিন পার্বত্য জেলা পরিষদ |
| ৩ | পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই | **<u>গত সভার সিদ্ধান্ত:</u>**<br>(ক) আবাসিক বিদ্যালয়সমূহের শিক্ষার মান | ক)(১) আবাসিক | ক)(১)পার্বত্য চট্টগ্রাম |

| | | | | |
|---|---|---|---|---|
| | সামাজিক সেবা প্রদান (২য় পর্যায়) প্রকল্প | বৃদ্ধিকরণে বোর্ডের মাসিক সমন্বয় সভার আলোচ্য সূচীতে বিদ্যালয়সমূহের মনিটরিং ও মূল্যায়ন অন্তর্ভুক্ত করতে হবে। অন্তবর্তীকালীন সময়ের জন্য পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা এর আওতায় ৪টি আবাসিক বিদ্যালয় পরিচালনার জন্য গৃহীত স্কিমের মেয়াদ ৬ মাস অর্থাৎ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়ন অগ্রগতি:**<br>উপসচিব (উন্নয়ন) সভাকে জানান যে, আবাসিক বিদ্যালয়সমূহের শিক্ষার মান বৃদ্ধিকরণে বোর্ডের মাসিক সমন্বয় সভার আলোচ্য সূচীতে বিদ্যালয়সমূহের মনিটরিং ও মূল্যায়ন অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড হতে জানানো হয়েছে। অন্তবর্তীকালীন সময়ের জন্য পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা এর আওতায় ৪টি আবাসিক বিদ্যালয় পরিচালনার জন্য গৃহীত স্কিমের মেয়াদ ৬ মাস অর্থাৎ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে পাওয়া গিয়েছে এবং তা অনুমোদনের লক্ষ্যে নথিতে উপস্থাপন করা হয়েছে।<br><br>**গত সভার সিদ্ধান্ত:**<br>(খ) অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত অর্থের মধ্যে পুনর্গঠিত ডিপিপি (জনবল প্রস্তাবসহ) আগামী ১০/১১/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়ন অগ্রগতি:**<br>অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত অর্থের মধ্যে পুনর্গঠিত ডিপিপি (জনবল প্রস্তাবসহ) গত ১৬/১১/২০২৩ তারিখ মন্ত্রণালয়ে পাওয়া গেছে। যাচাই বাছাইপূর্বক দ্রুত অর্থ বিভাগে প্রেরণ করা হবে মর্মে উপসচিব (উন্নয়ন) জানান। তিনি আরো জানান যে, টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্পের আওতায় নির্মিত ৪টি আবাসিক বিদ্যালয়কে সরকারি করণের বিষয়ে একটি প্রস্তাবনা শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ভাইস-চেয়ারম্যান এ ব্যাপারে বলেন, “পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (২য় পর্যায়) প্রকল্প” শীর্ষক প্রকল্পের অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের বরাদ্দের আলোকে প্রণীত ডিপিপি-তে পাড়া কেন্দ্রের সংখ্যা কমিয়ে আনা হয়েছে। এ বিষয়ে মাননীয় মন্ত্রী বলেন, এই প্রকল্পের আওতায় নিয়োগকৃত পাড়াকর্মীগণ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রাপ্ত হবেন এবং তাদের কখনো স্থায়ী করা হবে না মর্মে তাদেরকে নিয়োগের শুরুতে জানাতে হবে। এ | বিদ্যালয়সমূহের শিক্ষার মান বৃদ্ধিকরণে বিদ্যালয়সমূহের মনিটরিং ও মূল্যায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>ক) (২)৪টি আবাসিক বিদ্যালয় পরিচালনার জন্য গৃহীত স্কিমের মেয়াদ ৬ মাস অর্থাৎ জুন, ২০২৪ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব পর্যালোচনাপূর্বক অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ(১) ৪টি আবাসিক বিদ্যালয়কে সরকারিকরণের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>খ)(২) পুনর্গঠিত ডিপিপি (জনবল প্রস্তাবসহ) আগামী ০১/১২/২০২৩ তারিখের মধ্যে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উন্নয়ন বোর্ড<br><br>ক)(২) পরিবকল্পনা-২ শাখা<br><br>খ)(১) পরিবকল্পনা-২ শাখা<br><br>খ)(২) পরিবকল্পনা-২ শাখা<br><br>খ)(৩-৪) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিষয়ে সভাপতি মহোদয় বলেন যে, পাড়াকর্মীদের নতুন করে নিয়োগ প্রদান করতে হবে এবং নিয়োগপত্রে উল্লেখ থাকতে হবে যে, প্রকল্প শেষ হলে এ নিয়োগ সম্পূর্ণ বাতিল করা হবে। তিনি আরও বলেন যে, পাড়াকন্দ্রের আবশ্যকতা আছে কিনা এ ব্যাপারে স্ট্যাডি করার জন্য আগামী অর্থবছরে একটি স্কিম গ্রহণ করা যেতে পারে অথবা ডিপিপি-তে এ বিষয়ে একটি খাত রাখা যেতে পারে। | খ(৩) পাড়াকর্মীদের নতুন করে নিয়োগ প্রদান করতে হবে এবং প্রকল্প শেষে নিয়োগপত্র অব্যহতি পত্র বলে গণ্য হবে মর্মে উল্লেখ থাকতে হবে।<br><br>খ(৪) পাড়াকন্দ্রের আবশ্যকতা রয়েছে কিনা সে বিষয়ে স্ট্যাডি করার জন্য আগামী অর্থবছরে একটি স্কিম গ্রহণ/ডিপিপি-তে এ বিষয়ে একটি খাত অন্তর্ভুক্ত করতে হবে। | |

**আলোচ্যসূচি (গ)- ২০২৩-২০২৪ অর্থবছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প ও উন্নয়ন সহায়তার আওতায় গৃহীত স্কিমের ৩১ অক্টোবর ২০২৩ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি বিষয়ে আলোচনা:**

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | সার্বিক, প্রকল্পভিত্তিক ও উন্নয়ন সহায়তা অগ্রগতি | যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, চলতি ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দ পাওয়া গিয়েছে ৭৭৫.৯৭ কোটি টাকা। উক্ত বরাদ্দের মধ্যে ১৫টি অনুমোদিত উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ২৮২.৯৭ কোটি টাকা (জিওবি-২৫৮.৭১ কোটি, পিএ-২৪.২৬ কোটি) এবং উন্নয়ন সহায়তার অনুকূলে ৪৯০.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এছাড়াও অননুমোদিত প্রকল্পের জন্য ০৩.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরের ৩১ অক্টোবর ২০২৩ মাস পর্যন্ত এডিপিভুক্ত প্রকল্পের ১ম কিস্তির অর্থছাড় করা হয়েছে। ৩১ অক্টোবর ২০২৩ মাস পর্যন্ত এডিপিভুক্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ৭.১৩১%। সভাপতি মহোদয় এডিপিভুক্ত প্রকল্পসমূহের আর্থিক ও বাস্তব অগ্রগতি ডিপিপি কর্মপরিকল্পনা অনুযায়ী করার জন্য নির্দেশনা প্রদান করেন। মাননীয় মন্ত্রী বলেন, প্রকল্পসমূহের কাজের যথাযথ মান বজায় রাখতে হবে। তিনি জনকল্যাণের বিষয় মাথায় রেখে | ক) জনকল্যাণের বিষয়টি বিবেচনাপূর্বক গুণগত মান বজায় রেখে নির্ধারিত মেয়াদের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে। | (ক-গ) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়/ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/রাঙ্গামাটি/বান্দরবান/ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ/ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রকল্পসমূহ নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালকগণকে নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) মাননীয় মন্ত্রী আরও বলেন, যেসব উপজেলায় কফি ও কাজু বাদাম প্রকল্পের কার্যক্রম নেই সেসব উপজেলায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় কৃষকদের কফি ও কাজু বাদাম চাষে উদ্বুদ্ধ করতে হবে। তাছাড়া তিনি জাতীয় গ্রিডের বিদ্যুৎ পৌঁছানো সম্ভব নয় এমন এলাকায় সোলার প্যানেল-এর মাধ্যমে বিদ্যুৎ পৌঁছানোর জন্য নতুন প্রকল্প গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। | খ)(১) যেসব উপজেলায় কফি ও কাজু বাদাম প্রকল্পের কার্যক্রম নেই সেসব উপজেলায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় কৃষকদের কফি ও কাজু বাদাম চাষে উদ্বুদ্ধ করতে হবে।<br><br>খ(২) জাতীয় গ্রিডের বিদ্যুৎ পৌঁছানো সম্ভব নয় এমন এলাকায় সোলার প্যানেল-এর মাধ্যমে বিদ্যুৎ পৌঁছানোর জন্য নতুন প্রকল্প গ্রহণ করতে হবে। | |
| | | গ) সভায় এডিপিভুক্ত প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি (হারভেস্টার মেশিন, কফি প্রক্রিয়াজাতকরণ মেশিন, সুগার জুস প্রক্রিয়াকরণ মেশিন ইত্যাদি) প্রদানের বিষয়ে মাননীয় মন্ত্রী বলেন, সকল যন্ত্রপাতি প্রদানের ক্ষেত্রে নীতিমালার আলোকে করতে হবে যেন সকলেই এর সুবিধা ভোগ করতে পারে। উপসচিব (উন্নয়ন) জানান যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড হতে একটি খসড়া নীতিমালা পাওয়া গেছে। তিন পার্বত্য জেলা পরিষদ হতে কোন প্রতিবেদন পাওয়া যায়নি। যুগ্মসচিব (উন্নয়ন) সভায় জানান যে, "খাগড়াছড়ি জেলার বাজারসমূহ ও নিকটবর্তী এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত পাম্প হাউসগুলোকে বাজার কমিটির নিকট হস্তান্তরের বিষয়ে একটি খসড়া নীতিমালা মন্ত্রণালয়ে পাওয়া গিয়েছে; তবে নীতিমালাটি সংশোধন করা প্রয়োজন। | গ(১) প্রকল্পসমূহের আওতায় সংশ্লিষ্ট কৃষি যন্ত্রপাতি (হারভেস্টার মেশিন, কফি প্রক্রিয়াজাতকরণ মেশিন, সুগার জুস প্রক্রিয়াকরণ মেশিন ইত্যাদি) সমিতির মাধ্যমে প্রদানের লক্ষ্যে একটি খসড়া নীতিমালা আগামী ১০ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>গ(২) "খাগড়াছড়ি জেলার বাজারসমূহ ও নিকটবর্তী এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত পাম্প হাউসগুলোকে বাজার কমিটির নিকট হস্তান্তরের লক্ষ্যে প্রণীত খসড়া নীতিমালা সংশোধনপূর্বক আগামী ১০ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |
| | | ঘ) "খাগড়াছড়ি জেলা সদরে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাস্টার ড্রেইন নির্মার্ণ" শীর্ষক প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০২৩ মাসে সমাপ্ত হবে বিধায় অবশিষ্ট তিন কিস্তির টাকা (প্রাপ্ত অতিরিক্ত বরাদ্দসহ) একসঙ্গে ছাড়ের বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক অনুরোধ জানান। এছাড়া | ঘ)(১) "খাগড়াছড়ি জেলা সদরে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাস্টার ড্রেইন নির্মার্ণ" শীর্ষক প্রকল্পের অবশিষ্ট তিন কিস্তির টাকা | ঘ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/পরিকল্পনা-১ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | “বান্দরবান পার্বত্য জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ” শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক প্রকল্পের **২য়** সংশোধনীর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | (প্রাপ্ত অতিরিক্ত বরাদ্দসহ) একসঙ্গে ছাড়ের প্রস্তাব আগামী ৩০/১১/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>ঘ)(২) “বান্দরবান পার্বত্য জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ” শীর্ষক প্রকল্পের সংশোধনী প্রস্তাব (প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি) ০৩/১২/২০২৩ তারিখের মধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। | শাখা |
| | | (ঙ) “পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ভবন কমপ্লেক্স নির্মাণ” শীর্ষক প্রকল্পের সাথে সংশ্লিষ্ট গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী অনিন্দ্য কৌশলের দূর্ঘটনাজনক মৃত্যুতে শোক প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হয়। প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের নিমিত্ত নির্বাহী প্রকৌশলী নিয়োগের জন্য প্রধান প্রকৌশলীর সাথে যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও প্রকল্পের নির্ধারিত খালি জায়গায় কাজ শুরু করার জন্যও নির্দেশনা প্রদান করা হয়। অবৈধ দখল উচ্ছেদের ব্যাপারে সংশ্লিষ্ট জেলা প্রসাশকের সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ দেওয়া হয়। | ঙ) গণপূর্ত অধিদপ্তর, রাঙ্গামাটির নির্বাহী প্রকৌশলী দ্রুত নিয়োগ এবং অবৈধ দখল উচ্ছেদের ব্যাপারে যথাক্রমে জন্য প্রধান প্রকৌশলী এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ঙ) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ও প্রকল্প পরিচালক |
| | | চ) সভায় আমব্রেলা প্রকল্প নিয়ে আলোচনা হয়। সভাপতি আমব্রেলা প্রকল্পের মাধ্যমে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও তিন পার্বত্য জেলা পরিষদ-কে বড় ধরনের প্রকল্প গ্রহণ করতে উৎসাহিত করেন। তিনি এ ব্যাপারে আরও ভালোভাবে পর্যালোচনাপূর্বক প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | চ) আমব্রেলা প্রকল্পের বিষয়ে ভালোভাবে পর্যালোচনাপূর্বক উন্নয়ন বোর্ড ও তিন পার্বত্য জেলা পরিষদ হতে দ্রুত ধারণাপত্র প্রেরণ করতে হবে। | চ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/রাঙ্গামাটি/বান্দরবান/ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | ২০২৩-২০২৪ অর্থবছরে গৃহীত নতুন স্কিমসহ চলমান স্কিম বাস্তবায়ন অগ্রগতি | ক) উপসচিব (উন্নয়ন) জানান যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তার আওতায় গৃহীত স্কিমসমূহের অর্থছাড়ের জিও জারি করা হয়েছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের বরাদ্দের সিংহভাগ অর্থই বিভিন্ন উন্নয়ন সহায়তা কোডের আওতায় প্রদান করা হয় বিধায় উক্ত সহায়তার আওতায় গৃহীত স্কিমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা জরুরি। তিনি উন্নয়ন সহায়তা কোডের আওতায় গৃহীত স্কিমসমূহ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। সভায় উপস্থিত সকলে এ ব্যাপারে একমত পোষণ করেন।<br><br>খ) উপসচিব (উন্নয়ন) জানান, গত সভায় আগামী অর্থবছর (২০২৪-২০২৫) হতে প্রতিবছর রাস্তা/অবকাঠামো রক্ষণাবেক্ষনের জন্য প্রতিটি সংস্থা হতে একটি করে স্কিম গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি আরও জানান যে, রাস্তা/অবকাঠামো রক্ষণাবেক্ষণের জন্য যন্ত্রপাতি ক্রয় এবং উক্ত যন্ত্রপাতি ব্যবহারের জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবলের সংস্থান রেখে জেলা পরিষদসমূহের জনবল কাঠামো সংশোধনের করার জন্য গত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রতিনিধি জানান যে, চলতি অর্থবছরে উন্নয়ন বোর্ড কর্তৃক পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা এর আওতায় এ ধরণের স্কিম বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া তিন পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যানগণ জানান, আগামী ২০২৪-২৫ অর্থবছর হতে প্রতিবছর রাস্তা/অবকাঠামো রক্ষণাবেক্ষনের জন্য একটি করে স্কিম গ্রহণ করবেন। তারা আরও জানান, জনবল কাঠামো সংশোধনের ব্যাপারে কার্যক্রম চলমান রয়েছে। দ্রুততম সময়ে তাঁরা এ ব্যাপারে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করবেন। | (ক) উন্নয়ন সহায়তা কোডের আওতায় গৃহীত স্কিমসমূহ যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত ফলো-আপ করতে হবে।<br><br>খ(১) আগামী অর্থবছর (২০২৪-২০২৫) হতে প্রতিবছর রাস্তা/অবকাঠামো রক্ষণাবেক্ষণ করার জন্য প্রতিটি সংস্থা হতে একটি করে স্কিম গ্রহণ করতে হবে।<br>খ(২) ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রস্তাবের সাথে রাস্তা/অবকাঠামো রক্ষণাবেক্ষণ সংক্রান্ত বরাদ্দ বৃদ্ধির জন্য অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>খ(৩) জনবল কাঠামো সংশোধনের বিষয়ে দ্রুত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ক) উন্নয়ন/পরিকল্পনা-১,২ শাখা/ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/তিন পার্বত্য জেলা পরিষদ<br><br>খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/তিন পার্বত্য জেলা পরিষদ |

**আলোচ্যসূচি (ঘ): বিবিধ**

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | সমাপ্ত প্রকল্পের পিসিআর দাখিল সংক্রান্ত | গত ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সমাপ্ত স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাকটস (এসআইডি-সিএইচটি) প্রকল্পের পিসিআর দাখিলের বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে প্রকল্পের জাতীয় প্রকল্প পরিচালক ও অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান যে, প্রকল্পের অর্থ খরচ হয়েছে তিন পার্বত্য জেলা পরিষদের মাধ্যমে। তাই জেলা পরিষদসমূহ হতে তথ্য নিয়ে প্রকল্পের পিসিআর দাখিল করা হবে। সভাপতি তিন পার্বত্য জেলা পরিষদ হতে প্রকল্পের অর্থ ব্যয়ের তথ্য দ্রুত মন্ত্রণালয়ে প্রেরনের নির্দেশনা প্রদান করেন। | আগামী ১০/১২/২০২৩ তারিখের মধ্যে প্রকল্পের পিসিআর দাখিল করতে হবে। | জাতীয় প্রকল্প পরিচালক/<br>তিন পার্বত্য জেলা পরিষদ |
| ২ | ‘শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র’-এর ডরমেটরির ভাড়া নির্ধারণ ও অন্যান্য | ক) সভায় ‘শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র’-এর ডরমেটরির ভাড়া নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়। উপসচিব (উন্নয়ন) জানান, সংশ্লিষ্ট কমিটি কর্তৃক এ সংক্রান্ত খসড়া নীতিমালা চূড়ান্তকরণের কার্যক্রম চলমান রয়েছে মর্মে জানানো হয়েছে। | ক) খসড়া নীতিমালা দ্রুত চূড়ান্ত করতে হবে।<br><br>খ) স্যুভেনির শপগুলো সজ্জিত করে দ্রুত উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>(গ) আগামী সভার | ক) যুগ্মসচিব (প্রশাসন)<br><br>খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/<br>তিন পার্বত্য জেলা পরিষদ<br><br>গ) মন্ত্রণালয় হতে গঠিত কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খ) অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, বরাদ্দকৃত স্যুভেনির শপগুলো বুঝে নেওয়া হলেও উদ্বোধন উপযোগী করা হয়নি। পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও জেলা পরিষদের প্রতিনিধিগণ জানান, স্যুভেনির শপগুলো সজ্জিতকরণের কার্যক্রম চলমান রয়েছে এবং ইতোমধ্যে বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ করা হয়েছে।<br><br>গ) 'শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র' বুঝে নেওয়ার বিষয়েও সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে যুগ্মসচিব (উন্নয়ন) জানান যে, এ বিষয়ে গঠিত কমিটি কর্তৃক PWD-এর প্রতিনিধিসহ কমপ্লেক্স পরিদর্শন করা হয়েছে। শীঘ্রই কমপ্লেক্সটি বুঝে নেওয়া হবে মর্মে জানানো হয়। | পূর্বেই দ্রুত কমপ্লেক্সটি বুঝে নিতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | ২০২৩-২৪ অর্থবছরে সবুজ পাতায় অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্প সংক্রান্ত | ২০২৩-২৪ অর্থবছরে সবুজ পাতায় অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্পের অগ্রগতির বিষয়ে উপসচিব (উন্নয়ন) জানান, **চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে সবুজ পাতায় ৮টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে।** তন্মধ্যে ০৩টি প্রকল্প অনুমোদিত হয়েছে, ০২টি প্রকল্পের যাচাই-বাছাই কমিটির সিদ্ধান্তের আলোকে সংস্থা কর্তৃক কার্যক্রম গ্রহণ করা হচ্ছে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি ইউনিট কর্তৃক ০২টি প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। অবশিষ্ট ০৩টি প্রকল্পের মধ্যে ০১টি প্রকল্পের ডিপিপির যাচাই-বাছাই কমিটির সভা ২৮/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে, ০১টি প্রকল্পের পুনর্গঠিত ডিপিপির প্রস্তাব অর্থমন্ত্রণালয়ে প্রেরণের প্রক্রিয়াধীন এবং ০১টি প্রকল্পের ডিপিপি এখনও মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি। | (ক) যেসকল প্রকল্পের অর্থ বিভাগের অর্থায়নের অনুমোদন নেই সেসকল প্রকল্পের অর্থায়নের অনুমোদনের নিমিত্ত অর্থ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) যে প্রকল্পের ডিপিপি এখনও প্রণয়ন করা হয়নি সে প্রকল্পের ডিপিপি আগামী ০৫/১২/২০২৩ তারিখের মধ্যে প্রণয়ন করতে হবে।<br>গ) অননুমোদিত প্রকল্পসমূহ অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে। | ক) পরিকল্পনা -১/২ শাখা/ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড<br>খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড<br>গ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও পরিকল্পনা-১/২ শাখা |

০৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান, এনডিসি
সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ২৯.০০.০০০০.২২৫.০৬.০০১.১৯.১২৪

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০
২৯ নভেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়- রাঙ্গামাটি
২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৭) সচিব, অর্থ বিভাগ
৮) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর , পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
৯) চেয়ারম্যান , বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
১০) চেয়ারম্যান , রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
১১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় প্রকল্প পরিচালক, 'স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাক্টস" শীর্ষক প্রকল্প
১৩) চেয়ারম্যান , চেয়ারম্যান-এর দপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
১৪) মূখ্য নির্বাহী কর্মকর্তা, মূখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়- রাঙ্গামাটি
১৫) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ (বিশেষ সংশোধিত)' শীর্ষক প্রকল্প, রাঙ্গামাটি
১৬) যুগ্ম সচিব, উন্নয়ন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১৭) মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
১৮) সদস্য-বাস্তবায়ন, সদস্য-বাস্তবায়ন এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও 'পার্বত্য চট্টগ্রাম এলাকায় সুগারক্রপ চাষাবাদ জোরদারকরণ' শীর্ষক প্রকল্প ও সদস্য (বাস্তবায়ন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
১৯) সদস্য-পরিকল্পনা, সদস্য-পরিকল্পনা এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কফি ও কাজুবাদাম চাষরে মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ' শীর্ষক প্রকল্প ও 'পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র বিমোচন' শীর্ষব প্রকল্প
২০) পরিচালক, পরিচালক - ৫, প্রধানমন্ত্রীর কার্যালয়
২১) উপসচিব, বাজেট / প্রশাসন-২ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
২২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩) নির্বাহী কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও প্রকল্প পরিচালক, 'খাগড়াছড়ি জেলার গুরুত্বপূর্ণ বাজারসহ ও পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন' শীর্ষক প্রকল্প
২৪) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
২৫) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-২ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
২৬) মুখ্য নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

২৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৮) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

২৯) নির্বাহী প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রকৌশল বিভাগ, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

৩০) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

৩১) নির্বাহী প্রকৌশলী , ইউনিট অফিস, খাগড়াছড়ি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক , 'খাগড়াছড়ি জেলা সদরে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাস্টার ড্রেইন নির্মাণ' শীর্ষক প্রকল্প ও প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগামের খাগড়াছড়ি জেলার বিভিন্ন উপজলোয় সেচ ড্রেইন নির্মাণ' শীর্ষক প্রকল্প

৩২) নির্বাহী প্রকৌশলী , ইউনিট অফিস, বান্দরবান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ' শীর্ষক প্রকল্প ও 'বান্দরবান পার্বত্য জেলায় সাংগু নদীর উপর ২টি এবং সোনাইখালী খালের উপর একটি ব্রীজ নির্মাণ' শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান ও প্রকল্প পরিচালক, বান্দরবান পার্বত্য জেলার বান্দরবান পৌরসভা ও লামা পৌরসভার জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে পানি ব্যবস্থার উন্নয়নের জন্য মাষ্টার ড্রেইন ও প্রকল্প

৩৩) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল শাখা, রাঙ্গামাটি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক, 'রাঙ্গামাটি পার্বত্য জেলায় কৃষি উন্নয়নের লক্ষ্যে সেচ অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্প

৩৪) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (তাকে সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)



মোহাম্মদ শরীফুল ইসলাম
উপসচিব